

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট  
সরকারী কার্য ভবন-০১, আগ্রাবাদ, চট্টগ্রাম।  
[www.chittagongvat.gov.bd](http://www.chittagongvat.gov.bd)

নথি নং: ২য়/৬২-ইটি/কর্মবন্টন/২০১৫/ ৪০(৩-২২)

তারিখ: ০৪ গৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয়: মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৮১ এর উপধারা (২) মোতাবেক নিবন্ধিত কোম্পানির পূর্ববর্তী বছরের ব্যবসার আয় ব্যয়ের হিসাব সম্বলিত বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী গ্রহণ ও তা পরীক্ষার ক্ষমতা বিভাগীয় কর্মকর্তার উপর অর্পণ।

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ক মারফত কোন নিবন্ধিত কোম্পানি পূর্ববর্তী বছরের ব্যবসার আয় ব্যয়ের হিসাব সম্বলিত বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী চলমান অর্থবছরের প্রথম ছয় মাসের মধ্যে কমিশনারের নিকট দাখিল করার বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে। এ ধারাটি কার্যকর করার স্বার্থে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৮১ এর উপ ধারা (২) মোতাবেক নিবন্ধিত কোম্পানির পূর্ববর্তী বছরের ব্যবসার আয় ব্যয়ের হিসাব সম্বলিত বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী গ্রহণ এবং তা পরীক্ষা করার ক্ষমতা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অর্পণ করা হলো:

(ক) পূর্ববর্তী বছরের ব্যবসার আয়-ব্যয়ের হিসাব সম্বলিত বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী সংশ্লিষ্ট করমেয়াদের দাখিলপত্রের সাথে পর্যালোচনাপূর্বক একটি প্রতিবেদন ২০(বিশ) কার্য দিবসের মধ্যে কমিশনারের সমীপে প্রেরণ করবেন। এ প্রতিবেদনে প্রতিষ্ঠানের সামগ্রিক কর্মকাণ্ডের নিরীক্ষাধর্মী পর্যালোচনা, কর ফাঁকি (প্রযোজ্য ক্ষেত্রে), সুপারিশ ও করণীয় অন্তর্ভুক্ত করবেন।

(খ) প্রতিবেদন কমিশনারেটে প্রেরণের পূর্বে প্রতিষ্ঠানের নিকট থেকে প্রয়োজনীয় দলিলাদি গ্রহণ করে তা পর্যালোচনা করতে হবে এবং প্রতিবেদনের সাথে সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে।

(গ) কোনো প্রতিষ্ঠান বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী যথাসময়ে প্রদান না করলে সময় বৃদ্ধির জন্য কমিশনার সমীপে আবেদন করবেন এবং কমিশনার সময় বৃদ্ধির আবেদন নিষ্পত্তি করবেন।

(ঘ) নির্ধারিত সময়ে কোনো প্রতিষ্ঠান বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী দাখিল না করলে তার তালিকা বিভাগীয় কর্মকর্তা কমিশনারের নিকট প্রেরণ করবে।

(ঙ) প্রতি মাসে বিভাগীয় কর্মকর্তা 'পরিশিষ্ট ক' তে সামগ্রিক কার্যক্রমের একটি প্রতিবেদন প্রেরণ করবেন।

'পরিশিষ্ট ক'

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিন	বার্ষিক আর্থিক বিবরণী দাখিলের তারিখ	প্রতিবেদন দাখিলের তারিখ	ফাঁকিকৃত রাজস্বের পরিমাণ	মন্তব্য

০২। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক তে প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

(মোহাম্মদ আকবর হোসেন)  
কমিশনার (চঃ দাঃ)  
ফোন নং-০২৩৩৩৩২২০৩৭  
[ccevatctg@gmail.com](mailto:ccevatctg@gmail.com)

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

- ১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
- ২-৩। যুগ্ম কমিশনার-১/২, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।
- ৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, আগ্রাবাদ/চট্টলা/চান্দগাঁও/রাঙ্গামাটি/খাগড়াছড়ি/পটিয়া/বান্দরবান/কক্সবাজার বিভাগ।

নথি নং: ২য়/৬২-ইটি/কর্মবহন/২০১৫/

তারিখ: পৌষ ১৪২৮ বঙ্গাব্দ  
জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য-

- ১। সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সদস্য (মুসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পি.এস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা। (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(শাহেদ আহমেদ)

উপ কমিশনার

ফোন নং-০৩১-৭১৪৭৮১

[ccevatctg@gmail.com](mailto:ccevatctg@gmail.com)